যুগান্তর

তারিখ 05 NOV 2016
পৃষ্ঠা ২-৬ কলাম ৩

# খুবিতে জীববিজ্ঞান স্কুলে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

খুলনা ব্যুরো

ভর্তি পরীক্ষা গ্রহণের ২৪ ঘণ্টার মধ্যেই ফল প্রকাশ করে রেকর্ড সৃষ্টি করল খুলনা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান স্কুল। বৃহস্পতিবার দুপুর ১টা থেকে আড়াইটা পর্যন্ত এ স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। শুক্রবার দুপুর ১২টায় ভিসি-প্রফেসর ড. মোহাম্মদ ফায়েক উজ্জামান ফলাফল আনুষ্ঠানিকভাবে প্রকাশ করেন। তিনি ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের ২৪ ঘণ্টার মধ্যে ফলাফল তৈরির কাজ সুসম্পন্ন করার জন্য জীববিজ্ঞান স্কুলের ভর্তি কমিটির সভাপতিসহ কমিটির সব সদস্য এবং এর সঙ্গে সম্পৃক্ত শিক্ষকদের ধন্যবাদ জানান। জীববিজ্ঞান স্কুলে ভর্তি পরীক্ষায় ৫১৩৫ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে ৩১২০ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৬০.৭৬%। এ স্কুলে নির্ধারিত আসনে ভর্তির জন্য মেধা তালিকা প্রকাশ করা হয়েছে। ফলাফল বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে।